গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয় উপ-কমিটি'র ৪র্থ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব প্রনব কুমার ঘোষ<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৭ ফেব্রুয়ারি ২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৯৩০) |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, জাতীয় কমিটির নির্দেশনার আলোকে প্রণীত সকল কর্মসূচি অত্যন্ত আন্তরিকতার সাথে পালন করা হবে। প্রণীত কর্মসূচি এবং তা বাস্তবায়নের নিমিত্ত উপস্থিত সকলকে আলোচনায় আহবান জানিয়ে তিনি তার প্রাথমিক বক্তব্য শেষ করেন। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র.নং | কর্মসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১ | রেলভবন, কমলাপুর ও চট্টগ্রাম স্টেশনে বঙ্গবন্ধু কর্নার স্থাপন | রেলভবন,কমলাপুর ও চট্টগ্রাম স্টেশনে সুদৃশ্য এবং তথ্যবহুল যথোপযুক্ত তিনটি কর্নার স্থাপনের বিষয়ে আলোচনা হয়। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে কর্নার স্থাপনের নিমিত্ত স্থান নির্বাচন, কর্নার বিষয়ক পরিকল্পনা প্রণয়নসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| ১.২ | আনন্দর‍্যালি | ২০ মার্চ ২০২০ আন্তর্জাতিক সুখ দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে যথাযোগ্য মর্যাদায় আনন্দর‍্যালি আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। ডিআরএম (ঢাকা) রেলভবন হতে র‍্যালি বের করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। মহাব্যবস্থাপক (পূর্ব/প্চিম), বাংলাদেশ রেলওয়ে ঢাকা, রাজশাহী ও চট্টগ্রামে আনন্দর‍্যালি আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম),<br>৩। ডিআরএম (ঢাকা) |
| ১.৩ | বৃক্ষরোপন | মহাব্যবস্থাপকগণ তাঁদের অধীনস্থ রেলওয়ে বিভাগগুলোতে বৃক্ষরোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), |
| ১.৪ | জাতীয় শোক দিবস পালন | ২০২০ সালে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে রেলওয়ের সকল বিভাগে (শিক্ষা প্রতিষ্ঠানসহ) ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস পালন করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), |
| ১.৫ | পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান | রেলওয়ের সকল স্থাপনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় বিডি ক্লিনের সাথে সমন্বয় করে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), |

| | | | |
|---|---|---|---|
| ১.৬ | রেল সেবা সপ্তাহ | সভায় যুগ্ম মহাপরিচালক জানান যে, ২৮.০৩.২০২০ থেকে ০৩.০৪.২০২০ এ সেবা সপ্তাহ পালনের সিদ্ধান্ত বাংলাদেশ রেলওয়ে কর্তৃক গৃহীত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে উপসচিব (প্রশাসন-১) জানান যে, ১৭ মার্চ, ২০২০ তারিখের মধ্যে সেবা সপ্তাহটি পালিত না হলে মন্ত্রণালয় বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বরাদ্দকৃত কিছু নম্বর হারাবে। তিনি বিষয়টি বিবেচনায় নিয়ে সপ্তাহটি পালনের জন্য অনুরোধ করেন। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, ২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), |
| ১.৭ | ম্যুরাল তৈরি | কমলাপুর স্টেশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল তৈরির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ পরিপ্রেক্ষিতে কর্মপরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ রেলওয়েকে ম্যুরাল তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে অনুরোধ জানানো হয়।<br>এছাড়াও ঢাকা বিমানবন্দর স্টেশন, চট্টগ্রাম , সিলেট, রাজশাহী, খুলনা ও পঞ্চগড় স্টেশনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল তৈরি করা যেতে পারে মর্মে কমিটি একমত হন। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, ২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), |

০২। অত:পর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

27/2/2020

(প্রনব কুমার ঘোষ)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদযাপনের নিমিত্ত "কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয়" উপ-কমিটির অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিতে **২৭.০২.২০২০ তারিখ অনুষ্ঠিত ৪র্থ সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ:**

| ক্রম | নাম ও পদবি | মন্ত্রণালয় / দপ্তর | ফোন / মোবাইল ও ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | সালমা পারভীন<br>উপসচিব (প্রশাসন) | MOR | 01700544895 | [signature] 27/2/20 |
| 2. | মুহাম্মদ মনজুর মোর্শেদ<br>উপসচিব | MOR | 01711988738 | [signature] |
| ৩ | মোহাম্মদ জহিরুল ইসলাম<br>উপ সচিব | MOR | 01711 69 29 27 | [signature] 29/2/2020 |
| ৪ | এ.কে.এম. আব্দুল্লাহ আল বাকী<br>ADG (M&CP) | BR | 01711505304 | [signature] 29.02.20 |
| ৫ | রাজিয়া সুলতানা গনি<br>ADG/op | BR | 01711506118 | [signature] ২৭/২/২০২০ |
| ৬ | মোহাম্মদ সফিকুর রহমান<br>পরিচালক (পরিচালক) | BR | 01711691613 | [signature] 29/2/2020 |
| ৭ | আল মামুন মো:<br>মাহবুবুর রহমান | BR | 01711506102 | [signature] |

| ক্রম | নাম ও পদবি | মন্ত্রণালয় / দপ্তর | ফোন / মোবাইল ও ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৭ | শাকিলার জাহান<br>শিল্পী<br>DSTE(T)/DA | বাংলাদেশ রেলওয়ে | 01709999092<br>dstetda@railway.gov.bd | [signature]<br>29.02.20 |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |